

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩১৪৭

পর্ব-১৩: বিবাহ (১১১)

পরিচ্ছেদঃ ৩. প্রথম অনুচ্ছেদ - বিয়ের প্রচার, প্রস্তাব ও শর্তাবলী প্রসঙ্গে

بَابُ إِعْلَانِ النِّكَاحِ وَالْخِطْبَةِ وَالشَّرْطِ

#### আরবী

وَعَنْ عَلِيّ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَهَى عَنْ مُتْعَةِ النِّسَاءِ يَوْمَ خَيْبَرَ وَعَنْ أَكُل لُحُوم الْحمر الإنسية

### বাংলা

৩১৪৭-[৮] 'আলী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম খায়বার যুদ্ধের দিন মুত্'আহ্ বিবাহ করতে এবং গৃহপালিত গাধার গোশু/মাংস খাওয়া হতে নিষেধ করেছেন। (বুখারী ও মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : বুখারী ৪২১৬, মুসলিম ১৪০৭, নাসায়ী ৪৩৩৫, ইবনু মাজাহ ১৯৬১, দারিমী ২০৩৩, সহীহ ইবনু হিব্বান ৪১৪৩।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: আলোচ্য হাদীসের ভিত্তিতে গৃহপালিত গাধার গোশত খাওয়া হারাম মনে করি আমরা এবং সকল 'উলামাগণ। তবে সালাফদের মধ্য সহজ পন্থা অবলম্বনকারী একদল 'উলামাহ এটা খাওয়া বৈধ মনে করেন।

'আয়িশাহ্ (রাঃ) ও ইবনু 'আব্বাস -সহ কতিপয় সালাফদের থেকে বর্ণিত রয়েছে যে, গৃহপালিত গাধার গোশত খাওয়া বৈধ। তাদের থেকে আবার হারামের বর্ণনাও রয়েছে। ইমাম মালিক (রহঃ)-এর বর্ণনায় হারাম মাকর্রহ উভয় বর্ণনা রয়েছে। (শারহে মুসলিম ৯/১০ খন্ড, হাঃ ১৪০৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন